গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

## অভ্যন্তরীণ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নাহিদ রশীদ<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ২২/০৫/২০২৩ তারিখ সকাল ১০.০০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভায় উপস্থিত সদস্যদের তালিকা | : | সংযুক্ত (পরিশিষ্ট- ক) |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) গত ২৮ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

৩। মন্ত্রণালয়ের গত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অধিশাখা/ শাখা ভিত্তিক বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদ করণ | মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ নির্দেশনা অনুসারে এ মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদসহ তথ্য বাতায়নে সংযোজিত সুশাসনের ০৫টি সেবাবক্স নিয়মিত হালনাগাদ করা এবং সুশাসন সংক্রান্ত ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদসহ মন্ত্রণালয়ের তথ্যবাতায়নের সেবাবক্সসমূহ সর্বশেষ হালনাগাদের তারিখ উল্লেখের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সিস্টেম এনালিস্ট |
| ৩.২ | ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন | মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রম ৯০% এর উপরে রাখার নিমিত্ত মাসে ০২ (দুই) বার মনিটরিং করার বিষয়ে আলোচনা করা হয়। চলতি মাসে ই-ফাইলিং এর অগ্রগতি ৯৫.৬৬%। যেসব শাখার ই-ফাইলিং কার্যক্রমের হার কম তাদের ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধি বিশেষত পত্র জারির হার বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সকল কর্মকর্তার মোবাইল এলার্ট সিস্টেম এ্যাপসটি চালুর বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রম ৯০% এর উপরে রাখার নিমিত্ত মাসে ০২ (দুই) বার মনিটরিং করাসহ যেসব শাখার ই-ফাইলিং কার্যক্রমের হার কম তাদের ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধি বিশেষত পত্র জারির হার বাড়ানো, সকল কর্মকর্তার মোবাইলের আইডি-তে এলার্ট সিস্টেম এ্যাপসটি পুনরায় চালুর বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ সিস্টেম এনালিস্ট |
| ৩.৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-এর কার্যক্রম | এপিএ পরিদর্শন সংক্রান্ত কার্যক্রমের নির্ধারিত ৯৫টি পরিদর্শনের মধ্যে এপ্রিল/২৩ পর্যন্ত ৫১টি প্রতিবেদন পাওয়া গিয়েছে। অবশিষ্ট ৪৪ টি প্রতিবেদন দ্রুত পরিদর্শনপূর্বক আগামী ১৫/০৬/২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে জমাদানের জন্য অনুরোধ করা হয়েছে। এক্ষেত্রে প্রকল্প পরিদর্শনকালীন মধ্যবর্তী প্রতিবেদন প্রেরণের সাথে এপিএ সংশ্লিষ্ট প্রতিবেদন প্রস্তুতকরত: জমাদানের বিষয়ে আলোচনা করা হয়েছে। | পরিদর্শন সংক্রান্ত অবশিষ্ট সকল কার্যক্রমের প্রতিবেদন আগামী ১৫/০৬/২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে জমাদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ উপসচিব (প্রশাসন-১) |
| ৩.৪ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন | এসডিজি বিষয়ক মূখ্য সমন্বয়কের নিকট আধা-সরকারি পত্র প্রদানের বিষয়ে আলোচনা করা হয়েছে। মৎস্য অধিদপ্তরের সাথে আলোচনা করে জুন/২০২৩ মাসের ১ম পক্ষ (০৭-১৫ জুন) এর মধ্যে কর্মশালা | মাননীয় মন্ত্রীর সম্মতিক্রমে মৎস্য অধিদপ্তরের সাথে আলোচনা করে মৎস্য অধিদপ্তরে SDG বিষয়ক কর্মশালা জুন/২০২৩ মাসের ১ম | অতিরিক্ত সচিব (পরিকল্পনা) ও SDG |

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়েছে। | পক্ষ (০৭-১৫ জুন) এর মধ্যে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট। |
| ৩.৫ | অধিশাখা/ শাখা ভিত্তিক পত্র প্রাপ্তি, নিষ্পত্তি ও অনিষ্পন্ন সংক্রান্ত। | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে পত্র নিষ্পত্তি এবং অনিষ্পন্ন পত্রের তথ্য ছক আকারে উপস্থাপনসহ অনিষ্পন্ন পত্র সংক্রান্ত তথ্য যাচাই বাছাইপূর্বক সঠিকভাবে উপস্থাপন ও শাখাভিত্তিক পরিদর্শনের মাধ্যমে ডকেটিং কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম মনিটরিং এর বিষয়ে আলোচনা করা হয়। | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে পত্র নিষ্পত্তি এবং অনিষ্পন্ন পত্রের তথ্য ছক আকারে উপস্থাপনসহ অনিষ্পন্ন পত্র সংক্রান্ত তথ্য যাচাই বাছাইপূর্বক সঠিকভাবে উপস্থাপন ও শাখাভিত্তিক পরিদর্শনের মাধ্যমে ডকেটিং কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম মনিটরিং এর নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও সিস্টেম এনালিস্ট |
| ৩.৬ | মন্ত্রণালয়ের শাখা/ অধিশাখা পরিদর্শন | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী সকল অধিশাখা/শাখা নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদনের অনুলিপি যথাসময়ে প্রশাসন-৩ অধিশাখায় দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া কর্মকর্তাগণ নিয়মিত শাখা পরিদর্শন করছেন কিনা এ সংক্রান্ত প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | কর্মকর্তাগণ শাখা/অধিশাখা ভিত্তিক পরিদর্শন প্রতিবেদনের অনুলিপি প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণসহ কর্মকর্তাগণ নিয়মিত শাখা পরিদর্শন করছেন কিনা এ সংক্রান্ত প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ৩.৭ | মন্ত্রিপরিষদ সভার সিদ্ধান্ত | **"বাংলাদেশ চিড়িয়াখানা আইন, ২০২৩":**<br>খসড়া আইনটি গত ০৬/০৩/২০২৩ তারিখে জাতীয় সংসদে উত্থাপনের নিমিত্ত জাতীয় সংসদ সচিবালয়ে প্রেরণ করা হয়েছে। ২২ মে ২০২৩ তারিখে জাতীয় সংসদের সংসদীয় স্থায়ী কমিটির সভায় চিড়িয়াখানা বিল ২০২৩ উত্থাপিত হওয়া এবং সিদ্ধান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।<br>এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী সভার সকল সিদ্ধান্ত কার্যপত্রে আনার বিষয়ে আলোচনা করা হয়। | সংসদীয় স্থায়ী কমিটির সভার সিদ্ধান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | উপসচিব (আইন) |
| ৩.৮ | অডিট সংক্রান্ত | জানুয়ারি/২০২৩ শেষে মন্ত্রণালয়ের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ০১ টি। চলতি ফেব্রুয়ারি/২৩ মাসে প্রাপ্ত নতুন অডিট আপত্তির সংখ্যা ০৩ টি। ফেব্রুয়ারি/২৩ মাসের শেষে মোট অডিট আপত্তির সংখ্যা ০৪ টি। আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রণালয়ের অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং ত্রিপক্ষীয় সভা আয়োজনে কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয়ের সাথে যোগাযোগ করার নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ৩.৯ | শুদ্ধাচার বিষয়ক কর্মপরিকল্পনা ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন গত ০৬ এপ্রিল ২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার বিষয়ক প্রস্তুতকৃত খসড়া কর্ম-পরিকল্পনা ১৬/০৫/২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। দপ্তর/সংস্থার ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার বিষয়ক কর্ম-পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ১৮/০৫/২০২৩ তারিখে পত্র প্রেরনের বিষয়ে আলোচনা | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২য় অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন এর তথ্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার বিষয়ক প্রস্তুতকৃত কর্ম-পরিকল্পনা "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" সফটওয়্যারে আগামী ২৫/০৫/২০২৩ তারিখের মধ্যে আপলোডের নির্দেশনা প্রদান | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | করা হয়েছে। | করা হয়। | |
| ৩.১০ | নথি বিনষ্টকরণ | প্রশাসন-৪ শাখা হতে ০৫/০৪/২০২৩ তারিখে ১৭৭ সংখ্যক স্মারকে ৩১ টি নথি বিনষ্টে 'নথি বিনষ্টকরণ সংক্রান্ত যাচাই-বাছাই কমিটি' এর সভাপতি বরাবর প্রেরিত তালিকার তথ্য পাওয়ার বিষয়ে এবং এতদসংক্রান্ত সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়েছে। | শাখা/অধিশাখাভিত্তিক নথি বিনষ্টে গঠিত "নথি বিনষ্টকরণ সংক্রান্ত যাচাই-বাছাই কমিটি"র সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | উপসচিব প্রশাসন-৩ |
| ৩.১১ | মন্ত্রণালয়ের মামলা সংক্রান্ত | মন্ত্রণালয়ে এপ্রিল/২০২৩ মাসে ০৩ টি রীট মামলা, ১টি প্রশাসনিক ট্রাইবুন্যাল মামলা পাওয়া গেছে। এপ্রিল মাসে ০১টি মামলা নিষ্পত্তি হয়েছে। এপ্রিল/২০২৩ পর্যন্ত মোট মামলার সংখ্যাসহ এতদসংক্রান্ত তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। | অনিষ্পন্ন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ মন্ত্রণালয়ের মোট মামলার সংখ্যা এবং মামলাসমূহের সর্বশেষ অবস্থা পরবর্তী সভার উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। | উপসচিব আইন |
| ৩.১২ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ সংক্রান্ত | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত গণকর্মচারিদের বার্ষিক ৬০ ঘন্টা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থবছরে এ মন্ত্রণালয়ে কর্মরত ১০৫ জন কর্মকর্তা/কর্মচারিদের জনপ্রতি ৩৮.০০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এপিএ এর সাথে সম্পর্কযুক্ত অবশিষ্ট ০৩ টি প্রশিক্ষণ দ্রুত সময়ের মধ্যে সম্পন্নের বিষয়ে আলোচনা করা হয়। | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা অনুসারে প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থের ৫০ শতাংশ ব্যয়ের নির্দেশনা অনুযায়ী এপিএ-তে উল্লিখিত মন্ত্রণালয়ের জন্য বিষয়ভিত্তিক নির্ধারিত ১৩ টি প্রশিক্ষণের মধ্যে অবশিষ্ট ০৪ টি প্রশিক্ষণ দ্রুত সময়ের মধ্যে আয়োজনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | উপসচিব প্রশাসন-৩ |
| ৩.১৩ | বিবিধ | (ক) সামরিক শাসন চলাকালীন বলবৎকৃত আইনসমূহ নিষ্পত্তিতে এসময়ে বলবৎকৃত আইনসমূহের মধ্যে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট কোন আইন থাকলে এ বিষয়ে তথ্য আগামী সেপ্টেম্বর/২০২৩ তারিখের মধ্যে নিষ্পত্তির নিমিত্ত জরুরিভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>(খ) মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারি বিশেষত মহিলা কর্মকর্তা/কর্মচারিদের জন্য নামায আদায়ের স্থান নির্ধারণের বিষয়ে আলোচনা করা হয়।<br>(গ) মন্ত্রণালয়ের বিভিন্ন সপ্তাহ/পক্ষ এবং জাতীয় অনুষ্ঠানসমূহ উদযাপনে নির্মিত ব্যানার ফ্যাস্টুন অনুষ্ঠান পরবর্তী ০১ সপ্তাহের মধ্যে সরিয়ে ফেলার বিষয়ে আলোচনা করা হয়।<br>(ঘ) মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/ অধিশাখাভিত্তিক কর্মবন্টন হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>(ঙ) তথ্য অধিকার বিষয়ক নথিটি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দপ্তর বাজেট অধিশাখায় প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | (ক) সামরিক শাসন চলাকালীন বলবৎকৃত আইনসমূহ নিষ্পত্তিতে এসময়ে বলবৎকৃত আইনসমূহের মধ্যে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট কোন আইন থাকলে এ বিষয়ে তথ্য দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।<br>(খ) পুরুষ কর্মকর্তা/কর্মচারিদের জন্য বর্তমানের নামাযের স্থানে মাদুর রাখার জন্য ঝুড়ির ব্যবস্থা করা এবং মহিলাদের জন্য মিনি কনফারেন্স রুমের অংশে নামাযের ব্যবস্থা গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>(গ) মন্ত্রণালয়ের বিভিন্ন সপ্তাহ/পক্ষ এবং জাতীয় অনুষ্ঠানসমূহ উদযাপনে নির্মিত ব্যানার ফ্যাস্টুন অনুষ্ঠান পরবর্তী ০১ সপ্তাহের মধ্যে সরিয়ে ফেলার নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঘ) মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/ অধিশাখাভিত্তিক কর্মবন্টন হালনাগাদ করা নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঙ)তথ্য অধিকার বিষয়ক নথিটি | উপসচিব (প্রশা-১,২,৩)/ (বাজেট অধিশাখা) |

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দপ্তর বাজেট অধিশাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৫/২৫

(ড. নাহিদ রশীদ)
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়